

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গঠিত দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০৩.০০০০.০৯৭.০৪.০৮৪.১৯.৮৮

তারিখ: ২ জুন ২০১৯

১৬ জুন ২০১৯

বিষয়: রিট পিটিশন নং-১৪৭০৪/২০১৮ মামলায় সরকার পক্ষে প্রয়োজনীয় আইনী ব্যবস্থা গ্রহণক্রমে টিএমইডিতে তথ্য প্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ২৯.০১.২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মন্ত্রণালয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনানো যাচ্ছে যে, জনাব মো: আতাউর রহমান প্রামানিক, অধ্যক্ষ, শ্রীপুর রমনগর টেকনিক্যাল এ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ, পিতা: মো: হায়বাতুল্লাহ প্রামানিক, গ্রাম: পাইকপাড়া, থানা: বাগমারা, জেলা: রাজশাহী এবং অন্যান্য কর্তৃক মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-১৪৭০৪/২০১৮ মামলাটি দায়ের করা হয়েছে।

০২. মামলাটির রুল নিশি জারির আদেশ, জর্জি এবং তৎসংলগ্নীসমূহ পর্যালোচনা করে দেখা যায় যে, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০৩.০০০০.০১১.৯৯.১৪৬.১৮-২৬০, তারিখ: ১৪.০৮.২০১৮ খ্রি: মোতাবেক কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৫৭.০৩.০০০০.০৯৭.০১.০১৭.১৩-৭৮৭, তারিখ: ০৬.০৯.২০১৮ খ্রি: মুক্তে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে জলিয়তিতে জড়িত এম.পি.ওভুক্ত শিক্ষক-কর্মচারীদের এমপিও বাতিলসহ ফেব্রুয়ারি, ২০১৭ ও মার্চ, ২০১৭ দফার উত্তোলিত বেতন সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়। এই স্মারক প্রতীতে উপরিউক্ত কলেজের অধ্যক্ষসহ ৩জন শিক্ষকের নাম রয়েছে। তারা হলেন সর্বজনাব মো. আশরাফুল ইসলাম (ইনডেক্স-৩০৭৬২৯৯), মো: আতাউর রহমান প্রামানিক (৪২৯৬৯৬) এবং মো: সাইদুর রহমান (৩০৭৩০৩৩)। উপরিউক্তমতে বেতন-ভাতা সরকারী কোষাগারে জমা দানের নির্দেশের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট করে কারিগরি শিক্ষা অধিদপ্তরের উপরিউক্ত স্মারক নং- ৫৭.০৩.০০০০.০৯৭.০১.০১৭.১৩-৭৮৭, তারিখ: ০৬.০৯.২০১৮ খ্রি: -কে চ্যালেঞ্জ করে আবেদনকারী জনাব মো: আতাউর রহমান প্রামানিক গং কর্তৃক মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-১৪৭০৪/২০১৮ মামলাটি দায়ের করা হয়।

০৩. রিট পিটিশন নং-১৪৭০৪/২০১৮ মামলায় সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়-কে ১নং রেসপনডেন্ট, মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর-কে ২ নং রেসপনডেন্টসহ মোট ৭ (সাত) জনকে রেসপনডেন্ট করা হয়েছে।

০৪. মামলাটিতে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ যেমন, রুল নিশি জারির প্রেক্ষিতে জবাব (*Affidavit in opposition*) মহামান্য হাইকোর্টে দাখিল, সরকারি স্বার্থ সংরক্ষণ নিশ্চিত করার লক্ষ্যে মামলাটি নিজস্ব আইনজীবী দ্বারা পরিচালনা করা, মামলাটির যথাযথ মনিটর করা ইত্যাদি বিষয়ে পদক্ষেপ গ্রহণ বিশেষ প্রয়োজন।

০৫. এমতাবস্থায় উপরিউক্ত বিষয়টি বিবেচনাক্রমে রিট পিটিশন নং-১৪৭০৪/২০১৮ মামলায় সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে *Affidavit in opposition* দাখিলসহ (ইতিপূর্বে দাখিল না হয়ে থাকলে) মামলা বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে আগামী ৩০.০৬.২০১৯ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে তথ্য প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.০৮৪.১৯.৮৮/১(৭)

তারিখ: ২ আষাঢ়, ১৪২৬
১৬ জুন ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)
- ৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪) ~~সচিব মহোদয়ের~~ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫) যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭) অফিস কপি, মাস্টার কপি



১৬-৬-২০১৯

ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)